বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন-ডিসেম্বর ২০২৩

১। **বাৎসরিক বনভোজন - ২০২৩**। গত ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বানৌজা নির্ভীক ঘাঁটিতে কমসোয়াড্স অধীনস্থ জাহাজ/ঘাঁটির বাৎসরিক বনভোজন-২০২৩ অনুষ্ঠিত হয়। বনভোজনে আমন্ত্রিত অতিথিসহ কমসোয়াড্স অধীনস্ত সকল জাহাজ/ঘাঁটির কর্মকর্তা, নাবিক, অসামরিক ব্যক্তি এবং তাদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।

চিত্র-১ (ক)ঃ বনভোজন উপলক্ষ্যে আয়োজিত লটারিতে বিজয়ী প্রার্থীকে উপহার প্রদান।

চিত্র-১ (খ)ঃ আমন্ত্রিত পরিবারবর্গের বালিশ খেলা প্রতিযোগিতা।

চিত্র-১ (গ)ঃ বাৎসরিক বনভোজন-২০২৩ সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশনা।

২। **<u>কমিশনিং দিবস উপলক্ষ্যে বিশেষ মোনাজাত এবং প্রীতিভোজ</u>।** গত ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বানৌজা নির্ভীক এর কমিশনিং দিবস উপলক্ষ্যে সদকা ও বাদ জোহর ঘাঁটিস্ত মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এছাড়াও কমিশনিং দিবস উপলক্ষ্যে ১৩৩০ ঘটিকায় সকল কর্মকর্তা, নাবিক এবং অসামরিক ব্যক্তিবর্গের উপস্থিতিতে প্রীতিভোজের আয়োজন করা হয়।

চিত্র-২ (ক)ঃ কমিশনিং দিবস উপলক্ষ্যে সদকা শেষে বিশেষ মোনাজাত।

চিত্র-২ (খ) কমিশনিং দিবস উপলক্ষ্যে জোহরের নামাজ শেষে বিশেষ মোনাজাতের একাংশ।

চিত্র-২(গ)ঃ কমিশনিং দিবস এর প্রীতিভোজ অনুষ্ঠানে কমডোর সোয়াড্‌স কমান্ড ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

৩। **বানৌজা নির্ভীক ঘাঁটির জিমনেশিয়াম উদ্বোধন**। গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে বানৌজা নির্ভীক ঘাঁটির নবনির্মিত জিমনেশিয়াম এর শুভ উদ্বোধন করেন কমডোর সোয়াড্স কমান্ড কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার, (সি), এনপিপি, পিএসসি, বিএন। উদ্বোধনী অনুষ্ঠানে কমসোয়াড্স অধীনস্ত সকল কর্মকর্তা ও নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।

চিত্র-৩ (ক)ঃ ফিতা কেটে জিমনেশিয়াম এর শুভ উদ্বোধন করেন মাননীয় কমসোয়াড্স।

চিত্র-৩ (খ)ঃ মাননীয় কমসোয়াড্স কর্তৃক জিমনেশিয়াম এর নাম ফলক উন্মোচন।

চিত্র-৩ (গ)ঃ উদ্বোধন শেষে মাননীয় কমসোয়াড্স কর্তৃক নবনির্মিত জিমনেশিয়াম পরিদর্শন।

৪। **১৩ তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি-১৩) কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম।** স্পেশাল ওয়ারফেয়ার স্কুলে ডিসেম্বর ২০২৩ মাসে নেভাল কমান্ডো বেসিক (এনসিবি-১৩) কোর্সটি পরিচালিত হয়েছে। প্রশিক্ষণকালীন সময়ে নাবিকদের দক্ষতা বৃদ্ধির নিমিত্তে Combat Diving এবং Hel Casting সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

চিত্র-৪ (ক)ঃ ১৩তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি) কোর্সের প্রশিক্ষণার্থীদের ডাইভিং প্রশিক্ষণ।

চিত্র- ৪ (খ)ঃ ১৩তম নেভাল কমান্ডো বেসিক (এনসিবি) কোর্সের Hel Casting প্রশিক্ষণ।

৫। **বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) 'কিউ' ২০২৩/বি কোর্স এবং স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৬ (বিএমএ ক্যাডেট) কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম।** গত ডিসেম্বর ২০২৩ মাসে অত্র কমান্ডের অধীন ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ ২০২৩/ বি কোর্স এবং স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৬ (বিএমএ) কোর্সদ্বয় পরিচালিত হয়েছে। প্রশিক্ষণকালীন সময়ে Physical Fitness Training, Long Endurance Swimming, SCUBA Diving এবং Combat Diving সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

চিত্র-৫ (ক)ঃ স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৬ (বিএমএ) এর কাপ্তাই লেকে স্কুবা ডাইভিং ও শারীরিক প্রশিক্ষণ।

চিত্র- ৫ (খ) স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৬ (বিএমএ) এর কাপ্তাই লেকে Long Endurance Swimming প্রশিক্ষণ।

চিত্র- ৫ (গ)ঃ বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) 'কিউ' ২০২৩/ বি কোর্সের SCUBA Diving প্রশিক্ষণ।

চিত্র- ৫ (গ)ঃ বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) 'কিউ' ২০২৩/ বি কোর্সের Combat Diving প্রশিক্ষণ।

৬। **<u>সমুদ্রে প্রথমবারের মত ডিপ ডাইভিং</u>**। বানৌজা সৈকত জাহাজ হতে খুলনা নৌ অঞ্চলে ১৯ থেকে ২১ ডিসেম্বর ২০২৩ মংলা ফেয়ারওয়ে বয় হতে ০২ নটিক্যাল মাইল দক্ষিণ-পূর্বে ৫৩ মিটার গভীরতায় প্রথমবারের মত সমুদ্রে ডিপ ডাইভিং পরিচালনা করা হয়।

চিত্র- ৬ঃ সমুদ্রে প্রথমবারের মত ডিপ ডাইভিং।

৭। **<u>সমুদ্রে পাইরোটেকনিক ও ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং</u>**। গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে বানৌজা সৈকত জাহাজ কর্তৃক সমুদ্রে পাইরোটেকনিক ও ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং পরিচালনা করা হয়। উক্ত ফায়ারিং য়ে জাহাজের সকল সর্ককর্তা ও নাবিকবৃন্দ অংশগ্রহণ করেন।

চিত্র- ৭ঃ সমুদ্রে পাইরোটেকনিকও ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং।